

অক্টোবর / ২০১৮ মাসের ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী

সভাপতিঃ ডাঃ মোঃ ইমরান হোসেন খান, রেজিস্ট্রার, বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল।
সভার তারিখঃ ২৫/১০/২০১৮ইং
সভার সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা
স্থানঃ বাঃ ভেঃ কাঃ অধিবেশন কক্ষ
উপস্থিতিঃ পরিশিষ্ট “ক”


সভাপতি মহোদয় উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি প্রণীত ইনোভেশন বার্ষিক কর্মপরিকল্পনা ২০১৮-২০১৯ সম্বন্ধিত কার্যক্রম ও অগ্রগতি সম্পর্কে সকলকে অবহিত করেন এবং তিনি জানান যে, ইনোভেশন বার্ষিক কর্মপরিকল্পনা ২০১৮-২০১৯ অনুসারে আমাদের সকল কার্যক্রম যথাযথভাবে নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। এ বিষয়ে অত্র দপ্তরের ইনোভেশন টিমের সদস্য সচিব ডাঃ গোপাল চন্দ্র বিশ্বাসকে বিগত সভার সিদ্ধান্ত মোতাবেক ইনোভেশন কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে সভায় উপস্থাপনের জন্য নির্দেশ দেন। সদস্য সচিব বলেন, বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী ইনোভেশন টিমের মাসিক সভার কার্যবিবরণীসহ সকল প্রতিবেদন অত্র দপ্তরের ওয়েব সাইটে “ইনোভেশন” শিরোনামে রাখা হয়েছে।

“বিডি ভেট হেল্প লাইন” নামে একটি মোবাইল অ্যাপ তৈরির বিষয়ে উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ইনোভেশন বার্ষিক কর্মপরিকল্পনা ২০১৮-২০১৯ অনুসারে সকল কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করা করার জন্য কর্মকর্তা ও কর্মচারীদের ১ দিনের ওরিয়েন্টেশন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এতে ইনোভেশন কার্যক্রম সম্পর্কে কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে সচেতনতা বৃদ্ধি পাবে। সদস্য সচিব আরও বলেন- অত্র দপ্তরের ইনোভেশন কার্যক্রম আরও বেগবান করা জন্য তথ্য উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির জন্য বিভিন্ন মেয়াদে প্রশিক্ষণ প্রয়োজন। পরিকল্পনা অনুযায়ী উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির জন্য ০২ দিনের প্রশিক্ষণ আয়োজন ও উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০৫ দিনের প্রশিক্ষণের আয়োজন করার বিষয়টি কর্মপরিকল্পনায় উল্লেখ আছে।

আলোচনান্তে সিদ্ধান্ত নেয়া হয় যে -

- ১। “বিডি ভেট হেল্প লাইন” নামে একটি মোবাইল অ্যাপস দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন
- ২। কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে ইনোভেশন সক্ষমতা বৃদ্ধির জন্য ০২ দিনের প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ করা।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত ঘোষণা করেন।



(ডাঃ মোঃ ইমরান হোসেন খান)

রেজিস্ট্রার।

২৫.১০.১৮